

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০১.১৬-১৫৭

তারিখঃ ২৭ ফাল্গুন ১৪২৫  
১১ মার্চ ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং- ৪৫০/২০১৬ মামলার ১০/০৪/২০১৮ তারিখের রায়ে বিরুদ্ধে আপিল দায়েরের বিষয়ে হালনাগাদ তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।

- সূত্রঃ (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০১.১৬-৪৫০, তারিখ: ২৯/১১/২০১৮ খ্রি;  
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৫.০০৫.১৮-০৪(ক), তারিখ: ০৭/০১/২০১৯ খ্রি;  
(৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০১.১৬-৪৬, তারিখ: ২০/০১/২০১৯ খ্রি;  
(৪) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৭-২৮, তারিখ: ২৮/০১/২০১৯ খ্রি;

উপর্যুক্ত বিষয়ে সূত্রান্ত পত্রসমূহে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন টেঙ্গারগড় নুরুল হুদা আলিম মাদরাসার সহকারী শিক্ষিকা মোসা: বর্ণা আক্তার নিয়োগপ্রাপ্তির পর এমপিওভুক্ত হতে না পারায় মহামায়া হাইকোর্টে রিট পিটিশন নং-৪৫০/২০১৬ মামলা দায়ের করেন। উক্ত মামলার ১০/০৪/২০১৮ তারিখে সরকারের প্রতিকূলে রায় হয়। উক্ত রায়ে বিরুদ্ধে আপিল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৯/১১/১৮ তারিখে ৪৫০ সংখ্যক স্মারকে মহোদয়-কে অনুরোধ জানানো হয়।

২। পরবর্তীতে এ বিভাগের মাদ্রাসা শাখা-২ এর ২৬/১২/২০১৮ তারিখের ৪৪০ সংখ্যক পত্রের প্রেক্ষিতে আপিল দায়েরের জন্য পুনরায় ২০/০১/২০১৯ তারিখে ৪৬ নং পত্র মারফত ২য় অনুরোধ পত্র প্রেরণ করা হয়।

৩। তদপ্রেক্ষিতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক জানানো হয় যে, রিট পিটিশন নং-৪৫০/২০১৬ মামলার ১০/০৪/২০১৮ তারিখের আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে অধিদপ্তরের বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব আব্দুল মাবুদ মাসুমকে ০৭/০১/২০১৯ তারিখে নির্দেশনা প্রদান করত: প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করা হয়েছে।

৪। অধিকন্তু ০৪/০২/২০১৯ তারিখের মধ্যে রিট পিটিশন নং-৪৫০/২০১৬ মামলার ১০/০৪/২০১৮ তারিখের রায়ে বিরুদ্ধে CP করে টিএমইডি-কে জানানো হবে মর্মে গত ৩০/০১/২০১৯ তারিখে ডিজি, ডিএমই এর সাথে সচিব মহোদয়ের টেলিফোনিক আলোচনা হয়েছে মর্মে সচিব মহোদয় কর্তৃক জানানো হয়েছে।

৫। এখানে উল্লেখ্য যে, একাধিকবার ডিজি, ডিএমই বরার পত্র প্রেরণ সত্ত্বেও এবং ০৪/০২/২০১৯ তারিখে আপিল দায়ের নিশ্চিত করা হবে মর্মে ডিজি, ডিএমই এর অজ্ঞীকার (টেলিফোনে সচিব মহোদয়ের সাথে) কর সত্ত্বেও ০১ মাসের বেশী সময় অতিক্রান্ত হয়ে গেছে অথচ CP দাখিল সংক্রান্ত কোন তথ্য ডিজি, ডিএমই হতে পাওয়া যায়নি।

৬। "যথা সময়ে আপিল দায়ের না করা হলে এবং এ জন্য সরকারের স্বার্থ ক্ষতিগ্রস্ত হলে সে ক্ষেত্রে কর্তৃপক্ষ, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর দায়ী হবে" মর্মে সচিব মহোদয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।

৭। এমতাবস্থায়, জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন টেঙ্গারগড় নুরুল হুদা আলিম মাদরাসার সহকারী শিক্ষিকা মোসা: বর্ণা আক্তার কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-৪৫০/২০১৬ মামলার ১০/০৪/২০১৮ তারিখের রায়ে বিরুদ্ধে আপিল দায়ের হয়েছে কিনা এ বিষয়ে হালনাগাদ তথ্য (প্রমাণকসহ) আগামী ২০/০৩/২০১৯ তারিখের মধ্যে এ বিভাগ-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে পুনরায় অনুরোধ করা হলো।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৯৫৮৬৫৮৩।

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার  
লেভেল-৩, ৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৬। অফিস কপি/মাস্টার কপি।